

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 22-08-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Flood-Tripura :

রাজ্যে বন্যা পরিস্থিতি মোকাবেলায় রাজ্য সরকার সর্বাত্মক উদ্যোগ গ্রহণ করেছে। ডিজাস্টার ম্যানেজমেন্ট কর্তৃপক্ষ ও সবকটি জেলা প্রশাসন পরিস্থিতির উপর নজর রাখছে। প্রবল বর্ষণের কারণে বেশ কিছু স্থানে ধ্বস পড়ে রেল ও যানবাহন চলাচল বন্ধ হয়ে আছে। রাজ্যের বিস্তীর্ণ অঞ্চলে ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে। ক্ষয়ক্ষতি নিরূপনের কাজ খুব শীঘ্রই শুরু হবে। ডিজাস্টার ম্যানেজমেন্ট কর্তৃপক্ষ জানিয়েছে, বন্যা পরিস্থিতি মোকাবেলায় ২৫০টিরও বেশি কুইক রেসপন্স টিম কাজ করছে। এতে রয়েছে এস.ডি.আর.এফ, এন.ডি.আর.এফ, সিভিল ডিফেন্স ও আপদা মিত্রের স্বেচ্ছাসেবী, অগ্নি নির্বাপক দপ্তর, বন, বিদ্যুৎ, PWD, কৃষি ও অন্যান্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মচারীগণ। এদিকে, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যে অতিরিক্ত এন.ডি.আর.এফ টিম পাঠানোর জন্য কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহকে অনুরোধ জানিয়েছেন।

Police Instruction:

গতকাল ও আজ ভারী বৃষ্টিপাতের ফলে আগরতলা শহরের বেশ কিছু এলাকা জলমগ্ন হয়ে পড়েছে। উদ্ধৃত পরিস্থিতিতে পশ্চিম জেলার পুলিশ প্রশাসন আগরতলা শহরে ৮টি রাস্তায় যান চলাচল সাময়িক ভাবে স্থগিত রেখেছে। এই রাস্তাগুলি হলো রাধানগর থেকে সার্কিট হাউস, আরএমএস চৌমুহনী থেকে বিদুরকর্তা, ফায়ার সার্ভিস চৌমুহনী থেকে ডিএম ক্লাইওভার, দুর্গাচৌমুহনী, পূর্বাশা থেকে মহিলা কলেজ পুরাতন মোটরস্ট্যান্ড এলাকা এবং প্যারাডাইস চৌমুহনীর পূর্ব ও পশ্চিম দিক।

হাওড়া নদী:

প্রবল বৃষ্টিতে গতকাল সন্ধ্যা থেকেই আশ্রম চৌমুহনিতে হাওড়া নদীর বাধ কয়েক জায়গায় ফুটো হয়ে জল বের হয়ে আসতে শুরু করেছে। রাতে বাঁধের অবস্থা দেখতে ছুটে যান সচিব কিরণ গিত্যে, পুর নিগমের কমিশনার ডা: শৈলেশ যাদব, জেলার পুলিশ সুপার ডা: কিরণ কুমার K- সহ অন্যান্যরা। শ্রী গিত্যে জানিয়েছেন, বাঁধের কয়েকটি জায়গা ফুট হয়ে জল বার হতে শুরু করেছে। এসব জায়গায় বালির বস্তা দিয়ে ফুট বন্ধ করার চেষ্টা করা হচ্ছে।

PM, Visit :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল দুই দিনের সরকারি সফরে পোল্যান্ডের ওয়ারশ পৌঁছেছেন। শ্রী মোদী জামসাহেব নবনগর স্মৃতিসৌধে এবং মটে ক্যাসিনো এবং কোলাপুর মেমোরিয়ালের যুদ্ধের স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করেন। যাত্রা করার আগে এক বিবৃতিতে, প্রধানমন্ত্রী বলেন যে গণতন্ত্র ও বহুস্ববাদের প্রতি ভারত ও পোল্যান্ডের পারস্পরিক প্রতিশ্রুতি দুই দেশের মধ্যে সম্পর্ককে আরও শক্তিশালী করবে।

AIIMS :

দিল্লির অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস, রোগীদের স্বার্থে আবাসিক ডাক্তারদের পুনরায় দায়িত্ব নিয়ে কাজ শুরু করার আবেদন করেছে। গতকাল এক বিবৃতিতে, AIIMS বলেছে সরকার স্বাস্থ্যসেবা পেশাদারদের নিরাপত্তার জন্য প্রতিশ্রুতিবদ্ধ এবং সুপ্রিম কোর্টও চিকিৎসা কর্মীদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য ইতিবাচক পদক্ষেপের আশ্বাস দিয়েছে। স্বাস্থ্যসেবা পেশাদারদের যে কোনও তাৎক্ষণিক সমস্যার সমাধানের জন্য AIIMS একটি কমিটি গঠন করেছে।

ইনস্টিটিউট স্বাস্থ্যসেবা কর্মী, রোগী এবং দর্শনার্থীদের অভ্যন্তরীণ নিরাপত্তা নিরীক্ষার জন্য একটি পৃথক পনেরো সদস্যের কমিটিও গঠন করেছে।

Flood-School :

সারা রাজ্যে ভারী বৃষ্টিপাতের ফলে বন্যা পরিস্থিতির জন্য আজ রাজ্যের সমস্ত সরকারি, বেসরকারি, সরকারি অনুদানপ্রাপ্ত ও টিটিএডিসির অন্তর্ভুক্ত বিদ্যালয়, মাদ্রাসা এবং অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিতেও ছুটি ঘোষণা করা হয়েছে। সরকারী সূত্রে এখবর জানা গেছে। এদিকে ভারী বৃষ্টিপাতের জন্য আজ রাজ্যে সব সরকারি এবং বেসরকারি মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয় এবং জাতীয় আইন বিশ্ববিদ্যালয় বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। উচ্চ শিক্ষা দপ্তরের অধিকর্তা এখবর জানান।

CM Indranagar IT Bhaban :

মুখ্যমন্ত্রীর অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল ইন্দ্রনগরের ইন্টিগ্রেটেড কমান্ড কন্ট্রোল সিস্টেম ইউনিটে সিসিটিভির মাধ্যমে আগরতলা স্মার্ট সিটির বন্যা পরিস্থিতি পর্যবেক্ষণ করেন। বৃষ্টির জল কোথায় জমে আছে এবং সে ক্ষেত্রে কি কি ব্যবস্থা নেওয়া হচ্ছে সে সম্পর্কে খোঁজ খবর নেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন।

Weather :

রাজ্যের দক্ষিণ, পশ্চিম, সিপাহীজলা, ধলাই এবং খোয়াই জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। বাকি জেলাগুলিতেও ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। আগরতলায় আজ আকাশ মেঘলা থাকবে। হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত বা বজ্রসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। গতকাল সকাল সাড়ে আটটা থেকে আজ ভোর সাড়ে ৫টা পর্যন্ত আগরতলায় বৃষ্টি হয়েছে ২৩১.২ মিলিমিটার। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.৭ ডিগ্রি সেলসিয়াস।

Flood-Unakoti :

প্রবল বৃষ্টিপাতের জের ধরে ঊনকোটি জেলার দেও ও মনু নদীতে জলস্তর বৃদ্ধি পাবার কারণে নতুন নতুন এলাকা প্লাবিত হয়েছে। ফলে অনেক বন্যাদুর্গত মানুষ সরকারী গ্রান শিবিরে আশ্রয় নিয়েছেন। বিপর্যয় মোকাবিলা বিভাগের জেলা প্রোগ্রাম আধিকারিক জানান, শিলচর থেকে অতিরিক্ত একটি N.D.R.F ত্রিশজনের টিম ঊনকোটি জেলাতে এসেছে। কয়েকটি আধুনিক নৌকা উত্তর ও ধলাই জেলা থেকেও আনা হচ্ছে। সবমিলিয়ে উদ্ধৃত পরিস্থিতি মোকাবেলায় প্রশাসন সক্রিয়তার সাথে কাজ করছে।

State School Judo :

রাজ্যভিত্তিক স্কুল জুডো প্রতিযোগিতার অনুর্ধ্ব ১৪ বালক এবং বালিকা বিভাগে উত্তর জেলা দাপট দেখিয়েছে। বাধারঘাটের জুডোর ইন্ডোর হল-এ অনুষ্ঠিত আসরের উভয় বিভাগে তিনটি করে স্বর্ণপদক জয় করে ওই জেলার জুডোকাররা। আজ তিনদিন ব্যাপী এই আসর শেষ হবে।
